



রুশী কাঠবেড়ালি

শীতের জন্যে ভাবনা নেই কাঠবেড়ালির, গায়ে তার ছেয়ে রঙের গরম লোমশ কোট। আর যেই গরম পড়ে, কোটও বদলায় তার; ঠাণ্ডা নেই, ল্যুকিয়ে থাকারও কারণ নেই, কেননা কাঠবেড়ালির লোম তখন ন্যাড়া ন্যাড়া, মরচে রঙা, সে ফারে লোভ নেই শিকারীর।

ব্যাঙের ছাতা শ্বকিয়ে রাখে কাঠবেড়ালি, কুটুর কুটুর বিচিবাদাম জমিয়ে রাখে।





থরগোশ

দোড়বাজ খরগোশ, অনেক কুকুরেই তার সঙ্গে ছুটে পারে না। ঘাসপাতার ঝোপে শুয়ে থাকে, হিংল্ল পশুর চোখ এড়ায়। বন থেকে বেরিয়ে আসে মাঠে খাবারের খোঁজে।

বাগানে কিন্তু চুকতে দিও না খরগোশকে, আপেলগাছ, চেরিগাছের ছাল খেয়ে ভূণ্টিনাশ করবে।





নেকড়ে

গরমকালে নেকড়ের পেট ভরা, শিকার অনেক।

আর যেই আসে শীত, অর্মান পাখিরা উড়ে যায়, জীবজন্তু ল্যুকিয়ে পড়ে। নেকড়ের খাবার থাকে না কিছু। পেটে খিদে নিয়ে রাগে গরগরিয়ে ঘোরে নেকড়ে, ল্যুটপাটের খোঁজে ফেরে। এসে ঢোকে গাঁয়ের মধ্যে... যেখানে পাহারা নেই, গোয়ালের দ্যোর আলগা, সেখানে ছাগল ভেড়ার কপাল খারাপ।





ভালুক

সারা শীত গ্রেয় শ্রে ঘ্নোয় ভাল্ক, থাবা চোষে। যেই বসত্তে বরফ গলে, অর্মান জেগে ওঠে সে, বনে বনে ঘোরে খাবারের ধান্ধায়।

গতবছরের ফল পাকুড় খোঁজে, শেকড় টেকড় খোঁড়ে, হঠাৎ দেখে গাছের কোটরে মৌমাছির ঝাঁক।

ভারি তার মধ্র লোভ, কোটরে গিয়ে ওঠে, কিন্তু মৌমাছিরাও সেয়ানা, তাড়িয়ে দেয় ভাল্যককে। ডাক ছেড়ে উল্টে পড়ে ভাল্যক, চলে যায় অন্য খাবারের খোঁজে।





एएउा

আফ্রিকার তৃণাণ্ডলে ছোটে দ্রুতগামী ঘোড়ার পাল। নাম তার জেরা। সাধারণ ঘোড়া থেকে এদের তফাং আছে। গা এদের ডোরাকাটা, ঘাড়ের কেশর ছোটো ছোটো, কপালে ঝ;টি নেই।

এরা কিন্তু ব্ননো। ধাড়ি জেরাকে পোষ মানানো সহজ নয়। বাচ্চাগ্যলোর অবিশ্যি ভয় ভর নেই।






रिं

বালিতে উটের পা ডোবে না। জল না খেয়ে থাকতে পারে অনেকদিন, খিদে কম। মর্ভুমিতে মিণ্টি ঘাস তো আর নেই, ঘন গাছপালাই বা কোথায়, কুয়ো মিলবে কচিৎ কদাচিৎ।

যেখানে পথঘাট খারাপ, মোটর গাড়ি অচল, ঘোড়ায় চেপেও যাওয়া চলে না, সেখানে আজো পর্যন্ত মান,ষের সেরা সহায় উট।





সিংহ

পর্যটকরা বলে:

আফ্রিকার ভূণাঞ্জে যখন আঁধার নামে, তখন চারিদিক থেকে হ্মহাম শ্রুর হয়ে যায়।

ভয়৽কর গলায় খাঁক্ খাঁক্ করে হায়েনা, ফেউ ভাকে, আর হঠাং গ্রের, গ্রের, করে ওঠে সিংহের গর্জন। তার মানে শিকারে বের,ল পশ্রোজ। তখন ল্পিয়ে পড়ে হায়েনা আর বনশ্রেরর, ছ্টে পালায় জেরা আর হরিণ, সিংহের মৃথে পড়ার শখ নেই কারো।






বাঘ

ভয়ত্বর হিংস্র জানোয়ার বাঘ। গা ঢাকা দিয়ে থাকে জঙ্গলে, ঝোপেঝাড়ে, যে পথ দিয়ে জল খেতে যায় হরিণ বনশ্বয়োর ব্বনোমোষ, সেখানে ওঁং পাতে। শিকারের আশায় ধৈর্য ধরে অপেক্ষা করে থাকে সে। জীবজন্ত ভয় করে বাঘকে। হাতিয়ার না থাকলে মান্বের পক্ষেও বাঘ মারাজক।





হাতি

আমাদের মাঠে বনে হাতির দেখা মিলবে না।

হাতি চরে আফ্রিকার তৃণভূমিতে, ভারতের জঙ্গলে।

শংড়টা যেন তার হাত, শংড়ে জড়িয়ে উপড়ে তোলে বাঁশ, জল দেখলে শংড়ে করে জল নিয়ে ছিটোয়, গায়ের ধ্লো কাদা ধ্য়ে নেয়।

হাতির ভয় েই কাউকে, মহাদেহী হাতিকেই ভয় করে সবাই।

পোষ মানলে মানুষের বড়ো সহায় হয় হাতি।

ভারি ভারি কাজ করে দেয় সে, এমন কি ছোটো ছেলেমেয়েদের দেখাশোনাও করতে পারে।



744



ছবি এ'কেছেন নিজেই লেখক

кто как живет

На языке бенгали

निम्मद्दमन छन्।

অন্বাদ: ননী ভৌমিক

লোভয়েত ইউনিয়নে ম্ছিত



প্রগতি প্রকাশন - মম্কো



